

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
 সমন্বয় শাখা
 বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

বিষয় : যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোহাম্মদ আব্দুল্লাহ
 সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
 তারিখ : ১০ জানুয়ারি, ২০১৯
 সময় : সকাল- ১১:০০ ঘটিকা
 স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫০২, ভবন নং-৭)।
 সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের নামের তালিকা: পরিশিষ্ট 'ক'।

সভাপতি সভার প্রারম্ভে উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে মন্ত্রণালয়ের যুগ্মসচিব (সমন্বয়) গত ১৪-১০-২০১৮ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। সভাপতি বলেন, মন্ত্রণালয়সহ সকল দপ্তর/সংস্থার সেবা প্রদানের ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার জন্য শুদ্ধাচার ও নৈতিকতার চর্চা অব্যাহত রাখতে হবে। মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থাসমূহকে ইতঃপূর্বে প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা সর্বাধিক গুরুত্ব সহকারে বাস্তবায়ন করতে হবে। সভাপতি মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থার অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য তাগিদ প্রদান করেন। তিনি বিগত ১৪-১০-২০১৮ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়িত হওয়ায় সন্তোষ প্রকাশ করেন। অতঃপর যুগ্মসচিব (সমন্বয়) মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৮-২০১৯-এর দ্বিতীয় কোয়ার্টারের (অক্টোবর-ডিসেম্বর/২০১৮) প্রতিবেদন সভায় উপস্থাপন করেন।

০২। যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক সভায় অবহিত করেন যে, যুব উন্নয়ন অধিদপ্তরে ইজিপি-তে ক্রয় কার্যক্রম শুরু করা হয়েছে। এছাড়া, জেলা পর্যায়ের কার্যালয়ের সাথে ভিডিও কনফারেন্স অনুষ্ঠিত হচ্ছে। জাতীয় ক্রীড়া পরিষদের সচিব সভাকে অবহিত করেন যে, জাতীয় ক্রীড়া পরিষদে ভিডিও কনফারেন্সিং-এর যন্ত্রপাতি না থাকায় স্কাইপি-তে ভিডিও কনফারেন্সের কার্যক্রম চালানো হচ্ছে। ক্রীড়া পরিদপ্তরের পরিচালক জানান যে, ক্রীড়া পরিদপ্তর ইতোমধ্যে গণশুনানির কার্যক্রম শুরু করেছে।



চলমান পাতা-০২/

-০২-

- ০৩। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:
- (ক) মন্ত্রণালয়, দপ্তর, সংস্থার অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তিকরণের জন্য দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা আহ্বান করতে হবে। যুগ্মসচিব (প্রশাসন) বিষয়টি তদারকী করবেন;
- (খ) সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী আগামী ৩০ জুন/২০১৯ এর মধ্যে নথির শ্রেণিবিন্যাসকরণ ১০০% এ উন্নীত করতে হবে;
- (গ) সকল দপ্তর/সংস্থাকে বিদ্যুৎ, পানি ও জ্বালানির বকেয়া বিল পরিশোধ করতে হবে। মন্ত্রণালয়ের বকেয়া বিল পরিশোধের বিষয়টি যুগ্মসচিব (বাজেট) তদারকী করবেন;
- (ঘ) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী শুদ্ধাচার বিষয়ে কর্মশালার আয়োজন করতে হবে এবং
- (ঙ) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের প্রস্তুতকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৮-২০১৯-এর দ্বিতীয় কোয়ার্টারের (অক্টোবর-ডিসেম্বর/২০১৮) প্রতিবেদন সংশোধন সাপেক্ষে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।
- ০৪। পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

১০.০১.২০১৯

মোহাম্মদ আবদুল্লাহ

সচিব

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

৩০-০৯-১৪২৫ বঙ্গাব্দ

তারিখঃ-----

১৩-০১-২০১৯ খ্রি.


স্মারক নং-৩৪.০০.০০০০.০৪৩.১৬.১৩৮.১৭ (অংশ)- ৫৫৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। অতিরিক্ত সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন, ১০৮, মতিঝিল, ঢাকা।
- ৩। পরিচালক (অতিরিক্ত সচিব), ক্রীড়া পরিদপ্তর, মওলানা ভাসানী স্টেডিয়াম, ঢাকা।
- ৪। মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
- ৫। যুগ্মসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, জিরানী, সাভার, ঢাকা।
- ৭। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, এনএসসি টাওয়ার, ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা।
- ৮। সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, জাতীয় ক্রীড়া পরিষদ (পুরাতন ভবন), ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা।
- ৯। উপসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ১১। সহকারী প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে আপলোড ও ই-মেইল এ প্রেরণের অনুরোধসহ)।

অনুলিপিঃ

- ১। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা



(সেলিনা আক্তার)

সহকারী সচিব

ফোনঃ ৯৫৪৫০২২

ইমেইল) :csmoys66@gmail.com